



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বটিয়াঘাটা,খুলনা।

[www.botiaghata.Khulna.gov.bd](http://www.botiaghata.Khulna.gov.bd)

স্মারক নং-০৫.০০.৪৭১২.০০০.০৮.০০৭.২০-১১৭৪

তারিখ : ১০ ডিসেম্বর ২০২০ খ্রিঃ  
২৫ অগ্রহায়ণ ১৪২৭ ৰেঃ

-ঃ- নিলাম বিজ্ঞপ্তি নং-০১/২০২০-২১-ঃ-

এতদ্বারা বটিয়াঘাটা উপজেলাধীন নিম্নোক্ত স্থানের গাছ/কাঠ দ্বয়ে ইচ্ছুক সর্বসাধারণ/প্রতিষ্ঠানের নিকট থেকে সীলমোহরকৃত খামে উদ্ধৃত মূল্যে (উদ্ধৃত মূল্যের উপর বিধিমািত ভ্যাট ও আয়কর প্রযোজ্য হবে। নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ আগামী ২২/১২/২০২০ খ্রিঃ তারিখ বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত প্রত্যেক কার্য দিবসে অফিস চলাকালীন সময়ে নগদ মূল্যে (অফেরৎযোগ্য) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে বিক্রয় করা হবে এবং ২৩/১২/২০২০ খ্রিঃ তারিখ দুপুর ১ঃ০০ ঘটিকা পর্যন্ত শুধুমাত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে। প্রাপ্ত সকল নিলাম দরপত্র ঐদিনই বেলা ৩ঃ০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

ক্রমিক নং	গাছ/কাঠের বিবরণ	সরকারি নিলাম প্রাক্কলিত মূল্য	নিলাম দরপত্রের মূল্য	কার্য সম্পাদনের সময়সীমা
১।	(ক) বটিয়াঘাটা উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মাণস্থলের ২৬ (ছাব্বিশ) টি (খ) উপজেলা পরিষদ সীমানায় মরা-ঝড়ে পড়া ১৮(আঠার) টি গাছের কাঠ ও জ্বালানী কাঠ।	১,৩৪,৯১২/=	১৫০/=	১০ দিন
২।	৫নং ভান্ডারকোট ইউনিয়ন অধীনে ঘূর্ণিঝড় বুলবুল ও আফানে পতিত ২৩টি গাছের কাঠ ও জ্বালানী কাঠ।	২৫,০৫১/=	১০০/=	৭ দিন
৩।	৭নং আমিরপুর ইউনিয়ন অধীনে ঘূর্ণিঝড় বুলবুল ও আফানে পতিত গাছের ৩০ টুকরা কাঠ ও জ্বালানী কাঠ।	১৬,৬৮২/=	১০০/=	৭ দিন

নিলাম দরপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংক হতে উদ্ধৃত মূল্যের উপর ২৫% সমমূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বায়না স্বরূপ দাখিল করতে হবে। কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত দরদাতাকে পরবর্তী ০৭(সাত) দিনের মধ্যে উদ্ধৃত মূল্যের অবশিষ্ট অর্থসহ বিধিমািত ভ্যাট ও আয়কর জমা দিয়ে কার্যাদেশ গ্রহণ করতে হবে। কার্যাদেশ প্রাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত গাছ/কাঠ(যেখানে যে অবস্থায় আছে) অপসারণের কাজ সম্পন্ন করতে হবে। এছাড়া নিলামের অন্যান্য শর্তাবলী সিডিউলে বিস্তারিত উল্লেখ থাকবে। নিলাম সংক্রান্ত যে কোন বিষয়ে প্রতি কার্য দিবসে অফিস চলাকালীন সময়ে অত্রাফিস হতে বিস্তারিত জানা যাবে এবং প্রয়োজনে নিলামকৃত গাছ/কাঠ সরেজমিনে দেখা যাবে।

সর্বোচ্চ উদ্ধৃত দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নহেন। যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
(মোঃ নজরুল ইসলাম)

সভাপতি

উপজেলা গাছ নিলাম কমিটি

ও

উপজেলা নির্বাহী অফিসার

বটিয়াঘাটা, খুলনা।

তারিখ :

খ্রিঃ

স্মারক নং-৪৬.০২.৪৭১২.০০০.৯৯.০৬৭.২০-

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। জেলা প্রশাসক, খুলনা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
- ৪। সহকারী কমিশনার (ভূমি), বটিয়াঘাটা, খুলনা।
- ৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি, বটিয়াঘাটা, খুলনা।
- ৬। সহকারী বন সংরক্ষক, খুলনা জেলা।
- ৭। চেয়ারম্যান, ..... ইউ.পি, বটিয়াঘাটা, খুলনা।
- ৮। জনাব/মেসার্স. ....

(প্রসেনজিৎ চক্রবর্তী)

উপজেলা প্রকৌশলী (অঃ দাঃ)

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

বটিয়াঘাটা, খুলনা।

ফোন : ০৪০২-২৫৬০২৭

ই-মেইল : [ue.batiaghata@lged.gov.bd](mailto:ue.batiaghata@lged.gov.bd)